

## 💵 সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩৩২৩

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা জিন

بَابِ وَمِنْ سُورَةِ الجِنِّ

### আরবী

حدَّثَنَا عَبْدُ بْنُ حُمَيْدٍ، حَدَّثَنِي أَبُو الْوَلِيدِ، حَدَّثَنَا أَبُو عَوَانَةَ، عَنْ أَبِي بِشْنٍ، عَنْ سَعِيدِ بْنِ جُبَيْرٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، رضى الله عنهما قَالَ مَا قَرَأَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى الْجِنِّ وَلاَ رَآهُمُ انْطَلَقَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم في طَائِفَةٍ مِنْ أَصْحَابِهِ عَلَى الْجِنِ وَلاَ رَآهُمُ انْطَلَقَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم في طَائِفَةٍ مِنْ أَصْحَابِهِ عَامِدِينَ إِلَى سُوقِ عُكَاظٍ وَقَدْ حِيلَ بَيْنَ الشَّيَاطِينِ وَيَيْنَ خَبَرِ السَّمَاءِ وَأُرْسِلَتْ عَلَيْهِمُ الشَّمَاءِ وَأُرْسِلَتْ عَلَيْهِمُ الشَّمَاءِ وَأُرْسِلَتْ عَلَيْهِمُ الشَّمَاءِ وَأُرْسِلَتْ عَلَيْهِمُ السَّمَاءِ وَأُرْسِلَتْ عَلَيْهِمُ السَّمَاءِ وَأُرْسِلَتْ عَلَيْنَا وَيَيْنَ خَبَرِ السَّمَاءِ إِلاَّ مِنْ أَمْرٍ حَدَثَ الشَّهُبُ فَرَجَعَتِ الشَّيَاطِينُ إِلَى قَوْمِهِمْ فَقَالُوا مَا حَالَ بَيْنَا وَبَيْنَ خَبَرِ السَّمَاءِ إِلاَّ مِنْ أَمْرٍ حَدَثَ وَأُرْسِلِتُ عَلَيْنَا الشَّهُ اللهَ عَلْ اللهَ عَلَى اللَّهُ وَايَيْنَ خَبَرِ السَّمَاءِ اللَّهُ مُولِي اللَّهُ مَلُولُ اللَّهِ صَلَى عَلَى الْفَلُولُ اللَّهُ مَنْ اللهِ عَلْ اللَّهِ صَلَى اللهَ عَلْ اللهُ عَلْ اللهُ عَلْ اللهُ عَلَى اللهُ أَلُو حِيَ إِلَى الْمُعْ إِلَى الْمُعْلِ اللّهِ الْذِي حَالَ بَيْنَكُمْ وَيَيْنَ خَبَرِ السَّمَاءِ اللّهُ اللهُ عَلَى نَبِيّهِ : ( قَلْ أُوحِيَ إِلَى الْمَعْلُ الْمُ الْمُ اللهُ عَلَى نَبِيّهِ : ( قَلْ أُوحِيَ إِلَى الْمَعْلُ الْمُ اللهُ عَلَى نَبِيّهِ : ( قَلْ أُوحِيَ إِلَى الْمَا الْمُعْلُ الْمُ اللهُ عَلَى نَبِيّهِ : ( قَلْ أُوحِيَ إِلَى الْمَعْ الْمُعْلُ الْمُؤْلُ الْمُ اللهُ عَلَى نَبِيّهِ : ( قَلْ أُوحِيَ إِلَى الْمُعْ الْمُ الْمُ الْمُ اللهُ عَلَى نَبِيّهِ : ( قَلْ أُوحِيَ إِلَى الْمَا الْمُعْلَى اللهُ اللهُ اللهُ عَلَى نَبِيّهِ : ( قَلْ أُوحِيَ إِلَى الْمَا الْمُعْلَى اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ عَلَى نَبِيهِ : ( قَلْ أُوحِيَ إِلَى الْمُعْلَى اللهُ ال

قَالَ وَبِهَذَا الْإِسْنَادِ عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ قَوْلُ الْجِنِّ لِقَوْمِهِمْ (لمَّا قَامَ عَبْدُ اللَّهِ يَدْعُوهُ كَادُوا يَكُونُونَ عَلَيْهِ لِبَدًا) قَالَ لَمَّا رَأُوْهُ يُصلِّي وَأُصِحْابُهُ يُصلُّونَ بِصلَاتِهِ فَيَسْجُدُونَ بِسُجُودِهِ قَالَ تَعَجَّبُوا مِنْ طَوَاعِيَةِ أُصْحَابِهِ لَهُ قَالُوا لِقَوْمِهِمْ: (لمَّا قَامَ عَبْدُ اللَّهِ يَدْعُوهُ



# كَادُوا يَكُونُونَ عَلَيْهِ لِبَدًا ) . قَالَ هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ .

#### বাংলা

৩৩২৩. আবদ ইবন হুমায়দ (রহঃ) ..... ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত তিনি বলেনঃ রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জিন্নদের কাছে তিলওয়াত করেননি এবং তাদের তিনি দেখেনও নি। একবার রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সাহাবীদের একদল নিয়ে উকায বাজারের উদ্দেশ্যে যাচ্ছিলেন। তখন আসমান থেকে খবর সংগ্রহের পথ শয়তান জিন্নদের জন্য রুদ্ধ করে দেওয়া হয়েছিল। তাদের দিকে উল্কাপিন্ড নিক্ষেপ করা হত। তাই শয়তান জিন্নরা স্বসম্প্রদায়ে ফিরে আসে। তারা এদের বললঃ তোমাদের কি ব্যাপার?

এরা বললঃ আসমান থেকে খবর সংগ্রহের ক্ষেত্রে আমরা বাধা পাচ্ছি। আমাদের উপর উল্কাপিন্ড ছুঁড়ে দেওয়া হচ্ছে। এরা বললঃ নতুন কোন ব্যাপার ঘটেছে বলে আসমান থেকে খবর সংগ্রহের বিষয়ে আমাদের বাধা দেওয়া হচ্ছে। যমীনের পূর্ব-পশ্চিম সব দিকে বেরিয়ে পড়। দেখ সেটি কি যা আমরা ও আমাদের আকাশের খবর সংগ্রহের মাঝে বাধা সৃষ্টি করছে।

তারপর তারা রওয়ানা হল এবং পৃথিবীর পূর্ব-পশ্চিম সব দিক তালাশ করতে লাগল কি সে বস্ত। যদকেন আকাশের খবর সংগ্রহের ক্ষেত্রে তাদের বাধা হচ্ছে। (আরবের) তিহামা অঞ্চলের দিকে যে দলটি যাত্রা করে ছিল তারা রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর দিকে এল। তিনি উকায বাজারের উদ্দেশ্যে যাত্রাপথে নাখলায় অবস্থান করছিলেন। তিনি তাঁর সাহাবী নিয়ে ফজরের সালাত (নামায) আদায় করছিলেন। জিন্নদের এ দল যখন কুরআনের আওয়াজ শুনল, তখন তারা এ দিকে কান পাতল এবং পরস্পর বললঃ আল্লাহর কসম, এই জিনিসই তোমাদের এবং আকাশের খবর সংগ্রহের মাঝে বাধা সৃষ্টি করছে।

এখান থেকেই তারা নিজেদের কওমে ফিরে যায়। এবং বললঃ হে আমাদের সম্প্রদায়! আমরা তো এক বিস্ময়কর কুরআন শুনেছি যা সঠিক পথ নির্দেশ করে, ফলে আমরা তাতে ঈমান এনেছি। আর আমরা কখনো আমাদের রবের সঙ্গে কাউকে শরীক করব না। এতদপ্রসঙ্গে আল্লাহ তা'আলা তাঁর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর উপর নাযিল করেনঃ

قُلْ أُوحِيَ إِلَيَّ أَنَّهُ اسْتَمَعَ نَفَرٌ مِنَ الْجِنِّ فَقَالُوا إِنَّا سَمِعْنَا قُرْآنًا عَجَبًا \_ يَهْدِي إِلَى الرُّشْدِ فَآمَنَّا بِهِ وَلَنْ نُشْرِكَ برَبّنَا أَحَدًا

বলুন, আমার কাছে ওয়াহী এসেছে যে, জিন্নদের একটি দল (আমার তিলাওয়াত) কান পেতে শুনেছে এবং বলেছে আমরা তো এক বিস্ময়কর কুরআন শ্রবণ করেছি (সূরা জিন্ন ৭২ঃ ১)। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে জিন্নদের বক্তব্য ওয়াহী করা হয়েছিল।

সহীহ, বুখারি ৪৯২১, মুসলিম ২/৩৫, ৩৬, তিরমিজী হাদিস নম্বরঃ ৩৩২৩ [আল মাদানী প্রকাশনী]



এ সনদে ইবন আব্বাস রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে। তিনি বলেনঃ স্বীয় সম্প্রদায়ের নিকট জিন্নদের বক্তবের মাঝে ছিল। (المَا يَكُونُونَ عَلَيْهِ لِبَدًا) আল্লাহর বান্দা (নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) যখন তাকে ডাকতে (সালাতে) দন্তায়মান হল, তখন তারা তার নিকট ভিড় করল। (সূরা জিন্ন ৭২ঃ ১৯) জিন্নরা যখন দেখল নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সালাত (নামায) আদায় করছে এবং সাহাবীরা তার সঙ্গে তার সালাত (নামায) অনুসারে সালাত (নামায) আদায় করছে, তাঁর সিজদা আনুসারে সিজদা করছে, তারা নবীসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি সাহাবীগণের এই অনুগত্য দেখে অত্যন্ত বিস্মিত হয় এবং স্বীয় সম্প্রদায়কে এসে বলেঃ আল্লাহর বান্দা যখন তাঁকে ডাকতে (সালাতে) দন্তায়মান হল, তখন তারা তার নিকট ভিড় করল। এ হাদীসটি হাসান-সহীহ।

### **English**

Ibn Abbas [may Allah be pleased with them] said:

the Messenger of Allah did not recite for the jinns nor did he see them. The Messenger of Allah went out with a group of his Companions towards the Ukaz market. Something had been intervening between the Shayatin and the news from the heavens, and shooting stars has been sent upon them, so the Shayatin returned to their people and they said to them: 'What is wrong with you?' They replied: 'Something has been intervening between us and the news of the heavens except that something has happened. So travel east and west in the earth and look for what is it that intervenes between you an between the news of the heavens." He said: "So they went traveling east and west on the earth, seeking whatever it was that had been intervening between them and the news of the heavens. A group of those who were traveling towards Tihamah headed in the direction of the Messenger of Allah, while he was at Nakhlah, enroute to the Ukaz market. He was performing Salat Al-Fajr with his Companions. When they heard the Quran they listened to it, and they said: 'By Allah! This is what has been intervening between us and the news of the heavens." He said: "Then they returned to their people and said: 'O our people! Verily we heard a wonderful Recitation! It guides to the Right Path, and we have believed therein, and we shall never join anything with our Lord.' So Allah, Blessed is He and Most High, revealed to His Prophet: Say: 'It has been revealed to me that a group of the jinn listened.' So the saying of the jinns was only revealed to him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন